গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## সমন্বিত উপবৃত্তি কর্মসূচি

সেকেন্ডারি এডুকেশন ডেভেলপমেন্ট প্রোগ্রাম
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
hsp.sedp@gmail.com

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/ ৪১১ (৩৭)    তারিখঃ ২১.১২.২০২০ খ্রি.

**বিষয় : ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণি এবং ২০২০ সালের ৬ষ্ঠ শ্রেণির উপবৃত্তির জন্য HSP MIS এ এন্ট্রিকৃত শিক্ষার্থীদের তথ্য সংশোধন ও বাদ পড়া যোগ্য শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১১শ শ্রেণি এবং ২০২০ সালের ৬ষ্ঠ শ্রেণির উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের তথ্য HSP MIS এ এন্ট্রি সমাপ্ত হয়েছে। এন্ট্রিকৃত শিক্ষার্থীর মধ্যে কিছু কিছু শিক্ষার্থীর অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বরের স্থানে শূন্য রয়েছে এবং অন্যান্য তথ্যেও ভুল পরিলক্ষিত হয়েছে। এছাড়া কিছু প্রতিষ্ঠান নির্বাচিত যোগ্য শিক্ষার্থীর তথ্য নির্ধারিত সময়ের মধ্যে এন্ট্রি দিতে পারেনি বিধায় এন্ট্রি করণের সময় বৃদ্ধির আবেদন জানিয়েছে। তার পরিপেক্ষিতে ইউএসইও/টিএসইও কর্তৃক অনুমোদনকৃত সকল শিক্ষার্থীর তথ্যের সঠিকতা নিশ্চিতকরণ লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে পুনরায় এন্ট্রিকৃত তথ্য প্রেরণ করা হয়েছে। সঠিকতা যাচাই এবং বাদ পড়া নির্বাচিত যোগ্য শিক্ষার্থীদের তথ্য এন্ট্রির জন্য MIS সক্রিয় করে দেয়া হয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান সকল তথ্য যাচাই বাছাই করে ইউএসইও/টিএসইও নিকট অনুমোদন এর জন্য প্রেরণ করবে। ইউএসইও/টিএসইও দ্রুত যাচাই বাছাই করে পুনরায় চূড়ান্ত অনুমোদনের জন্য পিএমইএটিতে প্রেরণ করবেন। এন্ট্রিকৃত শিক্ষার্থীদের ভুল তথ্য সংশোধন, অভিভাবকের NID নম্বর সংযোজন এবং বাদ পড়া যোগ্য শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি দেয়ার জন্য ২১.১২.২০২০ থেকে ২৬.১২.২০২০ তারিখ এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসাদের যাচাইয়ের জন্য ২৭.১২.২০২০ থেকে ৩০.১২.২০২০ তারিখ পর্যন্ত HSP MIS সক্রিয় রাখা হবে। উক্ত তারিখের মধ্যে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরণ করে তথ্য সংশোধন ও এন্ট্রি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**১। HSP MIS এ লগইন করার নিয়মাবলী :**

শিক্ষার্থীদের তথ্য সংশোধন/এন্ট্রি করতে হলে HSP MIS এর লিংকে (http://hspbd.com/HSP-MIS/login) লগইন করলে একটি স্ক্রিন প্রদর্শিত হবে। User Name/ID ও Password টাইপ করে লগইন বাটনে ক্লিক করতে হবে। User Name/ID ও Password ঠিক থাকলে তিনটি অপশন প্রদর্শিত হবে। উপবৃত্তির জন্য প্রথমটি অর্থ্যাৎ হারমোনাইজড স্টাইপেন্ড প্রোগ্রাম (এইচএসপি) এ ক্লিক করলে HSP MIS এর ড্যাশবোর্ড প্রদর্শিত হবে। ড্যাশবোর্ডে প্রবেশ করে প্রতিষ্ঠানের নাম ঠিক আছে কিনা নিশ্চিত হয়ে তথ্য সংশোধন/এন্ট্রির কাজ শুরু করতে হবে।

**২। শিক্ষার্থীর তথ্য আপডেট/এন্ট্রির নিয়ামাবলী :** নতুন শিক্ষার্থী এন্ট্রি এবং তথ্য আপডেটের জন্য নিম্নবর্ণিত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।

- শুধুমাত্র ২০১৯-২০ শিক্ষাবর্ষে ১১শ শ্রেণি ও ২০২০ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীর মধ্য হতে শর্ত সাপেক্ষে দরিদ্র সর্বোচ্চ ২০% ছাত্র এবং ৪০% ছাত্রী নির্বাচন করা যাবে। শতভাগ উপবৃত্তি ও টিউশন ফি প্রাপ্ত অনগ্রসর ৪২টি উপজেলা ব্যতীত।
- মেট্রোপলিটন ও জেলা সদরের পৌর এলাকার (৩টি পার্বত্য জেলা ব্যতীত) মাধ্যমিক স্তরের কোন শিক্ষা প্রতিষ্ঠান বা মাধ্যমিক স্তরের কোন শিক্ষার্থীকে নির্বাচিত বা কর্মসূচিভুক্ত করা যাবে না।
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অথবা অন্য কোন বোর্ড বা সংস্থা কর্তৃক অনুমোদিত কোন শিক্ষা প্রতিষ্ঠান অথবা শিক্ষার্থীকে সমন্বিত উপবৃত্তি কর্মসূচিভুক্ত করা যাবে না। শিক্ষা প্রতিষ্ঠানকে অব্যশই মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আওতাভুক্ত/কর্তৃক অনুমোদিত হতে হবে।
- সমন্বিত উপবৃত্তি স্কিমের অনুমোদন ব্যতিত কোন নতুন প্রতিষ্ঠান অন্তর্ভুক্ত করা যাবে না।
- শিক্ষার্থীর জন্মসনদ নম্বর অবশ্যই ১৭ ডিজিটের হতে হবে। আগে/পরে/মধ্যে '০' যোগ করে ১৭ ডিজিট বানানো যাবে না।
- পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র নম্বর অবশ্যই এন্ট্রি/আপডেট করতে হবে।
- শিক্ষার্থীর উপবৃত্তি অর্থ প্রাপ্তির ক্ষেত্রে অনলাইন/এজেন্ট ব্যাংক/মোবাইল ব্যাংকিং একাউন্ট ব্যবহার করা যাবে।
- অনলাইন/এজেন্ট ব্যাংক এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১৩-১৭ ডিজিট এবং মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে একাউন্ট নম্বর ১১-১২ ডিজিট হতে হবে।

- "হিসাবধারীর নাম" এর স্থানে যার নামে অনলাইন ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা হয়েছে তার নাম লিখতে হবে।
- অনলাইন/এজেন্ট ব্যাংক/মোবাইল ব্যাংকিং একাউন্ট অবশ্যই শিক্ষার্থী/পিতা/মাতা/অভিভাবকের জাতীয় পরিচয়পত্র ব্যবহার করে খুলতে হবে। কেবলমাত্র পিতা/মাতার অনুপস্থিতিতে অভিভাবকের নামে একাউন্ট খোলা যাবে।
- এন্ট্রি/তথ্য আপডেট হওয়ার সংঙ্গে সংঙ্গে উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা এর নিকট অনুমোদনের জন্য প্রেরণ করতে হবে। ইউএসইও/টিএসইও দ্রুত অনুমোদন শেষ করে পিএমইটিতে পাঠাবেন। নির্ধারিত সময় পর্যন্ত অপেক্ষা করা যাবে না।
- ডবল এন্ট্রি বা কোন কারণে এক বা একাধিক শিক্ষার্থী নাম বাদ দিতে/কর্তন করতে চাইলে প্রথমে "প্রাথমিক নির্বাচন" পরবর্তীতে "শিক্ষার্থীর তথ্য আপডেট" অপশনে গিয়ে স্ট্যাটাস পরিবর্তন করে "নিষ্ক্রিয়" করতে হবে। কর্মসূচি আওতা বহির্ভূত কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীর নাম বাদ দিতে/কর্তন করতে চাইলেও অনুরুপ পদ্ধতি অনুসরণ করতে হবে।
- নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের কোন উপবৃত্তি (২০১৯ সালে ৮ম শ্রেণিতে) শিক্ষার্থী যদি ২০২০ সালে কোন মাধ্যমিক বিদ্যালয়ে ৯ম শ্রেণিতে ভর্তি হয় তবে শুধুমাত্র উক্ত শিক্ষার্থীকে ৯ম শ্রেণিতে যোগ্য শিক্ষার্থী হিসাবে নির্বাচিত করা যাবে। তবে কোনক্রমেই নিজ শিক্ষা প্রতিষ্ঠানের ৯ম শ্রেণির কোন শিক্ষার্থীকে বা শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সংযুক্ত ভোকেশনাল শাখার কোন শিক্ষার্থীকে উপবৃত্তি জন্য নির্বাচিত করা যাবে না। এধরণের কোন শিক্ষার্থীর তথ্য ইতিপূর্বে এন্ট্রি করে থাকলে "প্রাথমিক নির্বাচন" গিয়ে পরবর্তীতে "শিক্ষার্থীর তথ্য আপডেট" অপশনে গিয়ে স্ট্যাটাস পরিবর্তন করে "নিষ্ক্রিয়" করতে হবে।
- প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত নয় বিধায় তাদের তথ্য এন্ট্রি করা যাবে না।
- উপরে বর্ণিত নির্ধারিত তারিখের মধ্যে যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে।

শিক্ষা প্রতিষ্ঠানের User Name/ID ও Password না পেয়ে থাকলে বা ভুলে গেলে এবং অন্য কোন কারণে HSP MIS এ লগ ইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে মাধ্যমিক/সমমান পর্যায়ে hsp.sstipend@gmail.com ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

২১/১২/২০২০

(শরীফ মোর্তজা মামুন)
স্কিম পরিচালক
ফোন : ০২-৯৫৬৩৪১২।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং-এসইডিপি/এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/৩৯/২০২০/ ৪১১(৫১৭)/১(৮৮০) তারিখ: ২১.১২.২০২০ খ্রি.

<u>অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :</u>

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০৩। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, SPFMSP প্রকল্প, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০৫। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ঢাকা।
০৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
০৭। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
০৮। প্রতিষ্ঠান প্রধান (স্কিমভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)।
০৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। সহকারী প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (পিএমইএটি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। সংরক্ষণ নথি।

২১/১২/২০২০

(মোঃ তৌফিক এরফান)
গবেষণা কর্মকর্তা (প্রশাসন)
ফোন : ০২-৯৫৬৫৯৫৯